

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৬৬৬ ২৪/ বিবাহ ও দাম্পত্য পরিচ্ছেদঃ পর্দার বিধান

## আরবী

عَنْ أُمِّ سَلَمَةَ أَنَّ مُخَنَّتًا كَانَ عِنْدَهَا وَرَسُوْلُ اللهِ عَلَيْنُ فِى الْبَيْتِ فَقَالَ لأَخِى أُمِّ سَلَمَةَ يَا عَبْدَ اللهِ بْنَ أَبِى أُمَيَّةَ إِنْ فَتَحَ اللهُ عَلَيْكُمُ الطَّائِفَ غَدًا فَإِنِّى أَدُلُّكَ عَلَى بِنْتِ غَيْلاَنَ فَإِنَّهَا عَبْدَ اللهِ بْنَ أَبِى أُمْيَّةَ إِنْ فَتَحَ اللهُ عَلَيْكُمُ الطَّائِفَ غَدًا فَإِنِّى أَدُلُّكَ عَلَى بِنْتِ غَيْلاَنَ فَإِنَّهَا تُقْبِلُ بِأَرْبَعٍ وَتُدْبِرُ بِثَمَانٍ قَالَ فَسَمِعَهُ رَسُوْلُ اللهِ عَلَيْنِ فَقَالَ لاَ يَدْخُلْ هَوُلاءِ عَلَيْكُمْ

## বাংলা

(২৬৬৬) একদা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উদ্মে সালামার ঘরে ছিলেন। ঘরে একজন হিজড়ে ছিল। (তাকে যৌনকামনা-রহিত মনে করা হত, তাই নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর স্ত্রীদের বাড়িতে প্রবেশ করত।) সে উদ্মে সালামার ভাই আব্দুল্লাহকে বলল, 'ওহে আব্দুল্লাহ! কাল যদি আল্লাহ তোমাদেরকে তায়েফ জয় করার তাওফীক দেন, তাহলে আমি তোমাকে গাইলানের বেটির কথা বলে দেব, যে সামনে এলে চারটি (ভুঁড়ির ভাঁজ দেখা) যায় এবং পিছন ফিরে গেলে আটটি (ভাঁজ দেখা) যায়!' এ কথা শোনার পর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, এ তো ওখানকার ব্যাপার চেনে! এ যেন তোমাদের ঘরে অবশ্যই প্রবেশ না করে।

## ফুটনোট

(বুখারী ৪৩২৪, ৫২৩৫, মুসলিম ৫৮১৯-৫৮২০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ উম্মু সালামাহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন